গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়: নভেম্বর, ২০২১ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | লায়লা জেসমিন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৫-১২-২০২১ খ্রি: |
| সময় | : | বেলা ২.৩০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয় সরকারী সফরে বহিঃবাংলাদেশে অবস্থান করায় নভেম্বর, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব (প্রশাসন)। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান। তিনি বলেন, ডিসেম্বর মাস আমাদের বিজয়ের মাস। এ মাসেই আমাদের স্বাধীনতা অর্জিত হয়েছে। তিনি জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, দপ্তর ও সংস্থা প্রধান এবং প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ০৪-১১-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা যেতে পারে। | ০৪-১১-২০২১ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | – |
| ২. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | **সেমিনার আয়োজনঃ**<br>অতিরিক্ত সচিব (সংস্থা-২), জনাব সঞ্জয় কুমার বণিক সভাকে অবহিত করেন যে, মুজিব বর্ষের কর্মসূচী হিসাবে নৌপরিবহন মন্ত্রণালয়ের উদ্যোগে **"বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ"** শিরোনামে ৩য় একটি সেমিনার নৌপথে আয়োজনের সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। শিগগীরি সেমিনার অনুষ্ঠিত হবে।<br>চেয়ারম্যান,বিআইডব্লিউটিএ বলেন, সেমিনারে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট তথ্যাদি | **১.** ৩য় সেমিনার ঢাকা থেকে চাঁদপুর পর্যন্ত নৌপথে আয়োজন করা হবে।<br>২. বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সেমিনার আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করবে। | ১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br>২. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি ও বিআইডব্লিউটিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিয়ে একটি ডকুমেন্টারি নির্মাণ করা হয়েছে। মাননীয় প্রতিমন্ত্রী এটি দেখেছেন এবং সদয় অনুমোদন করেছেন। | | |
| | | ৩. মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু: রংপুর,পাবনা,বরিশাল ও সিলেট জেলায় স্থাপিত নতুন ৪টি মেরিন একাডেমিতে ক্যাডেট ভর্তির কার্যক্রম ১২/১২/২০২১ শেষ হবে। শিক্ষা কার্যক্রম ১ জানুয়ারি ২০২২ হতে শুরু হবে। আসন সংখ্যার পর্যাপ্ততা ও শূন্য থাকা সাপেক্ষে এক একাডেমি থেকে অন্য একাডেমিতে মাইগ্রেশন করার সুযোগ রয়েছে।<br><br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরামর্শ মোতাবেক বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামসহ নতুন ৪টি মেরিন একাডেমির জন্য সমন্বিত নিয়োগ বিধিমালার একটি খসড়া প্রণয়ন করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে এ বিষয়ে গত ০১/১২/২০২১ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার অনুযায়ী নিয়োগ বিধি মালায় কতিপয় সংশোধনের কাজ চলমান রয়েছে।<br><br>নতুন ৪টি মেরিন একাডেমির জন্য প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহ,আসবাবপত্র,যন্ত্রপাতি ইত্যাদি যাবতীয় সুবিধাদি হস্তান্তরের কার্যক্রম চলমান রয়েছে। দপ্তর ও সংস্থাসমূহ হতে সংযুক্তিতে জনবল ্পদায়ন করা হয়েছে। প্রেষণ ও আউট সোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ১. ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ক্যাডেটদের ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে নির্ধারিত সময়ে শিক্ষাকার্যক্রম শূরু করতে হবে।<br><br>২. সমন্বিত নিয়োগিবিধি চুড়ান্তকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।<br><br>৩. নব নির্মিত অবকাঠামোসহ অন্যান্য সুবিধাদি হস্তান্তর কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>৪. প্রেষণ ও আউট সোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের বিষয়টি ত্বরান্বিত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগে যোগাযোগ রক্ষা করতে হবে। | ১. যুগ্মসচিব (প্রশাসন)<br>২.<br><br>উপসচিব (নৌশিক্ষা ও প্রশিক্ষণ)<br>৩. যুগ্মসচিব (পরিকল্পনা) ও প্রকল্প পরিচালক<br><br>৪. উপসচিব (নৌশিক্ষা ও প্রশিক্ষণ) |
| ৩. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | অতিরিক্ত সচিব (সংস্থা-২) বলেন, মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার APA টিম এর কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করা হলে ২০২১-২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।<br>APA চুক্তি অনুযায়ী নির্ধারিত কাজগুলো যথাসময়ে সম্পাদন করা হলে নৌপরিবহন মন্ত্রণালয়ের অবস্থান সন্তোষজনক পর্যায়ে | ১. দপ্তর ও সংস্থার APA টিম নিয়মিত সভা করে হালনাগাদ অবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ করবে।<br><br>৫. ত্রৈমাসিক প্রতিবেদন যথাযথভাবে প্রণয়নের লক্ষ্যে প্রতিবেদনে কি ধরনের তথ্য সন্নিবেশিত হবে এবং কিভাবে তথ্য প্রেরণ করবে সে সম্পর্কে | ১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br><br>২. সকল দপ্তর ও সংস্থা প্রধান<br><br>৩. উপসচিব (সুশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উন্নীত হবে। সভাপতি এবিষয়ে সচেষ্ট থাকার অনুরোধ জানান। | দপ্তর/সংস্থার নির্ধারিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | |
| ৪. | ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ | **ই-নথি ব্যবস্থাপনাঃ**<br>সিস্টেম এনালিস্ট জনাব জি এম ফয়সাল আহমদ মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন **(পরিশিষ্ট- খ)।**<br>সভাপতি ই-নথির কার্যক্রম পূর্ণাঙ্গভাবে বাস্তবায়নে জোর দেন। ই-নথির কার্যক্রমে সমস্যা হলে সিস্টেম এনালিস্টের মাধ্যমে a2i এর সাথে আলোচনা করে তা নিষ্পত্তি করার নির্দেশনা দেন।<br>**ইনোভেশনঃ**<br>উদ্ভাবন কার্যক্রম মেধাভিত্তিক হলে সেবাগ্রহীতাগণ উপকৃত হবেন। উদ্ভাবনী সেবা অন-লাইনে সেবাগ্রহিতাদের কাছে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>**ওয়েবসাইট হালনাগাদকরণঃ**<br>সিস্টেম এনালিস্ট জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়ের ওয়েব সাইট হালনাগাদ করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক ওয়েব সাইটের সেবা বক্সগুলো নির্ধারিত লোগো ব্যবহারপূর্বক হালনাগাদ করতে হবে। সেবা লিংকগুলোও হালনাগাদ করতে হবে। এ বিষয়ে দপ্তর ও সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ৮০% ফাইল ই-নথিতে সম্পাদনের লক্ষ্যে ই-নথি কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>২. ই-নথির কাজে কোন প্রতিবন্ধকতা থাকলে সিস্টেম এনালিস্ট এ-টু-আই এর সাথে আলোচনা করে তা সমাধান করবেন। দপ্তর ও সংস্থাসমূহ এ ব্যাপারে সিস্টেম এনালিস্ট -এর সাথে যোগাযোগ রক্ষা করবে।<br><br>৩. উদ্ভাবনী সেবা অন-লাইনে সেবাগ্রহিতাদের কাছে প্রেরণ নিশ্চিত করতে হবে। উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।<br><br>৪. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো ব্যবহারপূর্বক হালনাগাদ করতে হবে। সেবা লিংকগুলোও হালনাগাদ রাখতে হবে। | ১. সিস্টেম এনালিস্ট, নৌপম<br>২. দপ্তর ও সংস্থা প্রধান |
| ৫. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | অতিরিক্ত সচিব (সংস্থা-২) সভায় জানান যে, মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থসমূহের ৪৯১টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া ৭০৫টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৩৩১টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। যার সাথে ৭১০৭.৮৫ কোটি টাকা জড়িত রয়েছে। ইতোমধ্যে অডিট অধিদপ্তরের সাথে দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে।<br>সভাপতি দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার জন্য অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার নির্দেশনা দেন। | ১. অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করতঃ দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ ত্রিপাক্ষিক সভা করে সর্বোচ্চ সংখ্যক অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. দ্বিপাক্ষিক/ ত্রিপাক্ষিক সভা করার জন্য অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br>২. সকল দপ্তর/ সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | অতিরিক্ত সচিব (সংস্থা-২) সভায় জানান যে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪২৬ টি, যার মধ্যে ৩৮৪ টির জবাব দাখিল করা হয়েছে। ৩৮টির জবাব তৈরীর কাজ চলমান রয়েছে। সরকারের পক্ষে ৮টি মামলা নিষ্পত্তি হয়েছে।<br>সভাপতি মামলার জবাব যথাযথভাবে তথ্য প্রমানাদিসহ দাখিল করার জন্য নির্দেশ দেন। স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে অধিকতর গুরুত্ব প্রদানের জন্যও তিনি নির্দেশনা দেন। | ১. যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল নিশ্চিত করতে হবে।<br>২. স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে অধিক গুরুত্ব আরোপ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. আইন ও অডিট অধিশাখা। |
| ৭. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | সভাপতি মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থায় তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করার অনুরোধ জানান।<br>মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান,তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হয়। কোন বিষয়ে তথ্য প্রদান করা সম্ভব না হলে তার উপযুক্ত কারণ ব্যাখ্যা করা হয়। তথ্য প্রদানে কোন জটিলতা থাকলে সে বিষয়টিও আলোচনা করে নিষ্পত্তি করা হয়। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তিতে সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরন করতে হবে। তথ্য প্রাপ্তির আবেদন না পাওয়া গেলে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৮. | **বিবিধ:**<br>**৮.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের সংস্কার কার্যক্রমের ১ম পর্যায়ের কাজ শেষ হয়েছে।<br>মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ আনুষংগিক অন্যান্য কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃকপক্ষ হতে দরপত্র প্রকাশ করা হয়েছে। | মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ অতিরিক্ত কাজসমূহ দ্রুত শেষ করতে হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| | **৮.২ ক্যাডার সার্ভিসের নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান এ বিষয়ে গত ৬-০৪-২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দপ্তর ও সংস্থাসমূহে প্রেরণ করা হয়েছে।<br>চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, বিএসসি ও মোংলা বন্দর কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>বাংলাদেশ মেরিন একাডেমী, ন্যাশনাল | ১. জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে গৃহিত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২. যে সকল দপ্তর সংস্থা হতে প্রস্তাব এখনো পাওয়া যায়নি সে সকল দপ্তর সংস্থা দ্রুত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ | ১. মন্ত্রণালয়ের প্রশাসন শাখা<br>২. দপ্তর ও সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মেরিটাইম ইন্সিটিটিউট, নৌপরিবহন অধিদপ্তরে ক্যাডার সার্ভিসের পদবির ন্যায় কোন পদ নেই মর্মে জানানো হয়েছে।<br>অন্যদিকে পায়রা বন্দর কর্তৃপক্ষ ও বিআইডব্লিউটিসি থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি। | করবে। | |
| | ৮.৩ **জনপ্রশাসন পদক** | সভাপতি বলেন সরকার প্রতিবছর জনসেবায় গুরুত্বপূর্ণ অবদান এবং উদ্ভাবনমূলক কাজের জন্য জনপ্রশাসন পদক প্রদান করে। নৌপরিবহন মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাগুলো অনেক কাজ করে যেগুলো জনসেবামূলক।<br>যুগ্মসচিব(প্রশাসন) বলেন যে দপ্তর/সংস্থা থেকে জনপ্রশাসন পদক-এর বিষয়ে কোন প্রস্তাব পাওয়া যায়নি। তবে চবক থেকে স্বাধীনতা পদক প্রদানের প্রস্তাব পাওয়া গেছে। তা শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | চবক থেকে প্রাপ্ত স্বাধীনতা পদক প্রদানের প্রস্তাব যাচাই বাছাই করে শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা নৌপরিবহন মন্ত্রণালয় |
| | ৮.৪ **বিআইডব্লিউটি এর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | অতিরিক্ত সচিব (সংস্থা-১) জানান যে বিআইডব্লিটিএর ইজারাকৃত ঘাট/পয়েন্ট বিরোধ নিয়ে বিভিন্ন জেলা প্রশাসনের সাথে সৃষ্ট জটিলতার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে ০১/১২/২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে।<br>চেয়ারম্যান, বিআইডব্লিটিএ ঘাট পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত সমস্যা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচিতে অন্তর্ভুক্ত রাখার অনুরোধ করেন। তিনি জানান, বিআইডব্লিটিএর ঘাট/পয়েন্ট নিয়ে বিভিন্ন জেলা প্রশাসনের সাথে বিরোধ চলমান রয়েছে। জেলা প্রশাসন হতে বিষয়গুলো নিষ্পন্নের কোন উদ্যোগ গ্রহণ করা হয় না বিধায় বিআইডব্লিউটিএর কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।<br>সভাপতি এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে নিয়ে সভা করে নিষ্পত্তি করার নির্দেশনা দেন। | ১. বিআইডব্লিটিএর ইজারাকৃত ঘাট/পয়েন্ট বিরোধ নিয়ে বিভিন্ন জেলা প্রশাসনের সাথে সৃষ্ট জটিলতার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (সংস্থা-১) ও বিআইডব্লিউটিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৮.৫ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | সভাপতি মন্ত্রণালয়ের সকল দপ্তর ও সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলার তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | দপ্তর ও সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলার তথ্য নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে। | সকল দপ্তর ও সংস্থা |

| বিগত মাসের জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলা | মোট | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | **৩ মাস** | **৬ মাস** | **১ বছর** |

**বি:দ্র: ১ বছরের বেশী হলে বিস্তারিত তথ্য দিতে হবে।**

**৮.৬ অভিযোগ সংক্রান্ত তথ্য প্রেরণ:**

| বিবেচ্য মাসে প্রাপ্ত | মোট | নিষ্পত্তির সংখ্যা বিবেচ্য মাসে | অনিষ্পন্ন | |
|---|---|---|---|---|
| | | | **১ মাস** | **৩ মাস** |

**৮.৭ অনিষ্পন্ন পেনশন কেস সংক্রান্ত তথ্য প্রেরণ:**

| বিগত মাসের জের | **মোট** | **নিষ্পন্ন** | **অনিষ্পন্নের বিবরণ** |
|---|---|---|---|

**৮.৮। অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ:**

| বিবেচ্য মাসে প্রাপ্ত পত্রের সংখ্যা | মোট | নিষ্পত্তির সংখ্যা বিবেচ্য মাসে | অনিষ্পন্ন | |
|---|---|---|---|---|
| | | | **১ মাস** | **৩ মাস** |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.৯ শূণ্য পদের ছাড়পত্র প্রদান সংক্রান্ত | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শূণ্য পদে ছাড়পত্র গ্রহণের পর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। দেখা যায় যে, বিজ্ঞপ্তিতে কোন কোন জরুরি বিষয় উল্লেখ না থাকায় ও সরকারি বিধিবিধানের সাথে সামঞ্জস্য না থাকায় নিয়োগ প্রক্রিয়ায় জটিলতার সৃষ্টি হয়। এ কারণে ছাড়পত্রের জন্য প্রেরিত পত্রের সাথে সংশ্লিষ্ট পদের অনুমোদিত নিয়োগবিধির কপি ও নিয়োগ বিজ্ঞপ্তির খসড়ায় প্রতিষ্ঠান প্রধানের সিল স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শূণ্য পদে ছাড়পত্র গ্রহণের সময় নিয়োগবিধির অংশ ও নিয়োগ বিজ্ঞপ্তির খসড়া প্রেরণ করতে হবে। | দপ্তর ও সংস্থা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
১৫/১২/২০২১
(লায়লা জেসমিন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৮(অংশ-১).২১৮

তারিখ ০৪ পৌষ, ১৪২৮ ব:
১৯ ডিসেম্বর, ২০২১ খ্রি:

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক /বাস্থবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি,বরিশাল/পাবনা/সিলেট ও রংপুর।
১০। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা,নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৬। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৯.১২.২১
(মোঃ আলাউদ্দিন)
সহকারী সচিব
সংসদ ও সমন্বয়

পরিশিষ্ট-'খ'

| দপ্তর/সংস্থার ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ - ৩০ নভেম্বর, ২০২১) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| দপ্তর/সংস্থা | নথি নিষ্পত্তিকৃত | | | | মোট পত্রজারি | বিগত মাসে নথি নিষ্পত্তি |
| | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট নথি নিষ্পত্তি | | |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ১২৫৩ | ১৪৯৯ | ৭৩২ | **৩৪৮৪** | ১২৭৮ | ১৪০৭ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ | ২৪ | ৪৪০ | ৫৮০ | **১০৪৪** | ৭৮০ | ৯৬১ |
| বাংলাদেশ শিপিং কর্পোরেশন | ৪৭ | ৩৬৬ | ১১২ | **৫২৫** | ১৪০ | ৬৩২ |
| নৌপরিবহন অধিদপ্তর | ৩৭ | ১৩৮ | ১৭৩ | **৩৪৮** | ২৭৮ | ৪৩৩ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ৩ | ১৩৩ | ৪৭ | **১৮৩** | ৫৫ | ১৬৪ |
| বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ | ৪০ | ৪৩ | ৭৭ | **১৬০** | ৯৭ | ২৫১ |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ১ | ৪৯ | ১০৮ | **১৫৮** | ১৬২ | ১০৩ |
| নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর | ৩৪ | ৩৯ | ৪৮ | **১২১** | ৭৩ | ১৪৬ |
| ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট | ০ | ১ | ৩৩ | **৩৪** | ৩৩ | ১৬ |
| বাংলাদেশ মেরিন একাডেমী | ০ | ৪ | ১৪ | **১৮** | ১৮ | ২২ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন | ১ | ১১ | ৩ | **১৫** | ৬ | ২৫ |